

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
(চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

নথি নং- ৫৮.০২.০০০০.০০৮.১৮.৩১২.২৩- ০০

তারিখঃ ০২/০২/২০২৪ ইং

বিষয়ঃ বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিচালনার লাইসেন্স প্রদান।

সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রংপুর এর স্মারক নং-৮০৬, তারিখঃ-১১/১২/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জনাব মাহমুদুল হাসান পিন্টু, নির্বাহী পরিচালক, বন্ধন মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, কেন্দ্রীয় বাসটার্মিণাল (জামে মসজিদ সংলগ্ন) কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এর অনুকূলে “বেসরকারি পর্যায়ে মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র ও মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা-২০২১” এর সকল শর্ত যথাযথভাবে অনুসরণ করে কেন্দ্র পরিচালনা করা এবং লাইসেন্স প্রদানের ০২ মাস পর সেবার মান সম্পর্কে সংশ্লিষ্ট সহকারী পরিচালক কেন্দ্রটি সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণ ও লাইসেন্স প্রাপ্তির পর কেন্দ্র থেকে ধাপে ধাপে কমপক্ষে ০৩ (তিন) জনকে UTC Training (ইংগো প্রশিক্ষণ) এ গ্রহণের জন্য প্রেরণ করার শর্ত সাপেক্ষে ১০ (দশ) শয্যা বিশিষ্ট বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিচালনার লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হলো। উল্লেখ্য, বিধিমালা অনুযায়ী কেন্দ্রটি পরিচালিত না হলে তা বন্ধ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০২। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

সহকারী পরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, কুড়িগ্রাম।

০২/০২/২০২৪
(মোঃ মাসুদ হোসেন)
পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
ফোনঃ ০২-২২৬৬৬৪৪০৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রংপুর।
- ২। প্রোগ্রামার, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। নির্বাহী পরিচালক, বন্ধন মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, কেন্দ্রীয় বাসটার্মিণাল (জামে মসজিদ সংলগ্ন) কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
- ৪। অফিস কপি/ মাস্টার কপি।